

সবাই মিলে দেব কর
দেশ হবে স্বনির্ভু

মূল্য সংযোজন কর (মূসক) দাখিলপত্র সম্পর্কে সাধারণ জ্ঞাতব্য

❖ দাখিলপত্র কি ?

মূল্য সংযোজন কর (মূসক) আইনের অধীনে নিবন্ধিত প্রত্যেক ব্যক্তিকে তাঁর করদায়িত্ব সম্পর্কে তথ্যাদি (তাঁর ক্রয়-বিক্রয়, আমদানি-রপ্তানী, প্রদেয় রাজস্ব, গৃহীত রেয়াত, ট্রেজারী জমা, সমন্বয় জের ইত্যাদি প্রতি ইংরেজি মাস শেষে ফরম “মূসক-১৯” এর মাধ্যমে মূসক কর্তৃপক্ষের নিকট পেশ করতে হবে। এ তথ্যাদি সম্বলিত বিবরণীকেই দাখিলপত্র বলা হয়।

❖ দাখিলপত্র কখন ও কোথায় জমা প্রদান করবেন ?

নিবন্ধিত ব্যক্তি প্রতি ইংরেজি মাস শেষে পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে (বীমা কোম্পানীর ক্ষেত্রে ২০ তারিখের মধ্যে) ফরম “মূসক-১৯” এ সংশ্লিষ্ট মূসক সার্কেল বা রাজস্ব কর্মকর্তার দণ্ডে জমা প্রদান করবেন।

❖ দাখিলপত্রের সাথে কি কি দলিলপত্র সংযুক্ত করতে হয় ?

দাখিলপত্রের দুইটি অনুলিপি জমা দিতে হয়। এর সাথে নিরোক্ত দলিলাদি সংযুক্ত করতে হয়।

- চলতি হিসাবের মূল অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে)।
- কর প্রদানের প্রমাণ স্বরূপ ট্রেজারী চালানের মূল কপি ও দ্বিতীয় অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে)।
- উৎসে মূসক কর্তনের ক্ষেত্রে ফরম “মূসক-১২খ” এ প্রদত্ত প্রত্যয়নপত্র।
- সংশ্লিষ্ট কমিশনারেট কর্তৃক দাবীকৃত অন্য যে কোন দলিল (যথা-রেয়াত, ক্রয়-বিক্রয়, প্রত্যার্পণ, সমন্বয় ইত্যাদি সংক্রান্ত দলিলাদি)।

❖ গৃহীত দাখিলপত্র করদাতাকে ফেরত দেয়ার বিধান আছে কি ?

দাখিলপত্র সার্কেল অফিসে প্রদান করার পর তা পরীক্ষা করে সংশ্লিষ্ট কর্মকর্তা স্বাক্ষর করে দাখিলপত্র গ্রহণের ৩০ দিনের মধ্যে একটি কপি করদাতাকে ফেরত প্রদান করবেন।

❖ কোন করমেয়াদে ক্রয়-বিক্রয় না হলে কিংবা মূসক প্রদানের বাধ্যবাধকতা না থাকলেও কি দাখিলপত্র জমা প্রদান করতে হবে ?

হ্যাঁ, কোন করমেয়াদে নিবন্ধিত ব্যক্তির কোন ক্রয়-বিক্রয় না থাকলেও শুণ্য দাখিলপত্র যথাসময়ে দাখিল করতে হবে। কোন করমেয়াদে মূসক প্রদানের বাধ্যবাধকতা না থাকলেও সকল মূসক নিবন্ধিত ব্যক্তিকে যথাসময়ে দাখিলপত্র জমা প্রদান করতে হবে।

❖ দাখিলপত্র প্রদানে ব্যর্থতায় শাস্তির বিধান কি ?

নির্দিষ্ট সময়ের মধ্যে দাখিলপত্র প্রদানে ব্যর্থ হলে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা থেকে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত জরিমানা হতে পারে। সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা ২ (দুই) বার নোটিশ

প্রদান করে নিবন্ধন বাতিল করতে পারবেন এবং এমনকি নিবন্ধিত ব্যক্তির ব্যবসায়ী অঙ্গন তালাবদ্ধ করতে পারবেন।

প্রচারে ৪ মূল্য সংযোজন কর অনুবিভাগ

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

www.nbr-bd.org